



৪০
৩০

প্রেসিডেন্টের পথকালী স্কুল পরিদর্শন

প্রেসিডেন্ট এইচ এম এরশাদ মঙ্গলবার ঢাকার দোলাইখাল এলাকায় শমসুজীবী শিশুদের জন্য প্রাথমিক বিদ্যালয় পথকালী-১ পরিদর্শনে যান।

বাসসর খবরে প্রকাশ, ঐ এলাকায় বিভিন্ন ওয়াকশপে কর্মরত শিশুদের শিক্ষা দানের জন্য প্রেসিডেন্টের উদ্যোগে বিদ্যালয়টি স্থাপন করা হয়।

মঙ্গলবার স্কুল পরিদর্শনকালে তিনি দেখেন যে শিশুরা লেখা

(৩-এর পঃ দঃ)

পথকালী স্কুল

(প্রথম পঃ পর)
পড়ায় প্রশংসনীয় অগ্রগতি অর্জন করেছে। তিনি জানতে পারেন যে গত দু' মাসে ছাত্ররা লিখতে ও পড়তে শিখেছে। প্রেসিডেন্ট এ বছর ৩য় জানুয়ারী স্কুলটি উদ্বোধন করেন।

প্রেসিডেন্ট নিজে শিশুদের প্রশ্ন করে তাদের শিক্ষার অগ্রগতি পরীক্ষা করেন। তারা তাদের কাছ থেকে ছড়া শোনেন। তিনি তাদের হাতের লেখাও দেখেন। শিশুদের সঙ্গে তাদের কুশল আলোচনাকালে তিনি জানতে

পারেন যে বেলাল নামে একটি ছেলে স্বল্পায়ু ভুগছে বলে সন্দেহ করা হচ্ছে। তিনি কুল কত পক্ষকে অবিলম্বে ছেলেকে হাসপাতালে ভর্তি ও তার সুস্থ চিকিৎসার ব্যবস্থা করার নির্দেশ দেন।

প্রেসিডেন্ট স্কুলটি ঘুরে দেখেন এবং স্কুলের সুস্থ ব্যবস্থাপনা ছাত্রদের চর্চাকার মান দেখে সন্তোষ প্রকাশ করেন।

বেসরকারী সংস্থা—অধিকার ট্রাস্ট স্কুলটি চালাচ্ছে।